information and privacy commission new south wales

তথ্যপত্র

ডিসেম্বর ২০১৮

# এনএসডব্লিউতে সরকারী তথ্য পাবার ক্ষেত্রে আপনার অধিকার

এনএসডব্লিউতে *গভর্মেন্ট ইনফরমেশন (পাবলিক অ্যাক্সেস) অ্যাক্ট ২০০৯* ('জিআইপিএ অ্যাক্ট') এর আওতায় আপনার সরকারী তথ্য জানার আইনত প্রয়োগযোগ্য অধিকার রয়েছে, যদি না সেখানে আরও গুরুত্বপূর্ণ কোনো জনস্বার্থ জড়িত থাকে।

## জিআইপিএ অ্যাক্ট এবং সরকারী তথ্য কী?

জিআইপিএ অ্যাক্ট এনএসডব্লিউর সরকারী এজেন্সিগুলো থেকে কীভাবে আপনি সরকারী তথ্য পেতে পারেন সে সম্পর্কিত নিয়ম নীতিগুলো নির্ধারণ করে। সরকারী তথ্য হল এনএসডব্লিউর কোনো সরকারী এজেন্সি কর্তৃক সংরক্ষিত যেকোনো তথ্য। এর মধ্যে থাকতে পারে কোনো সরকারী এজেন্সির কার্যক্রম সম্পর্কিত রেকর্ড এবং ডাটা, কিংবা সরকারী কোনো এজেন্সি কর্তৃক সংরক্ষিত আপনার ব্যক্তিগত তথ্য।

গুরুত্বপূর্ণ বিষয় হল সরকারী তথ্য প্রকাশের অনুকূলে একটি ধারণা রয়েছে। তবে জিআইপিএ অ্যাক্ট এর অধীনে কিছু কিছু সরকারী তথ্য প্রকাশের ক্ষেত্রে শক্ত বিধিনিষেধ আছে, যেমন আদালতের বিচারিক প্রক্রিয়া।

## কাদের ক্ষেত্রে এটি প্রযোজ্য?

জিআইপিএ অ্যাক্ট নিম্নলিখিত এজেন্সির ক্ষেত্রে প্রযোজ্য:

- এনএসডব্লিউর সরকারী বিভাগসমূহ
- এনএসডব্লিউর স্থানীয় কাউন্সিলসমূহ
- এনএসডব্লিউ সরকারের মালিকানাধীন কর্পোরেশনসমূহ
- বিশ্ববিদ্যালয়সমূহ
- এনএসডব্লিউর মন্ত্রী ও তাদের কর্মচারীবৃন্দ

কোন ধরণের এজেন্সিগুলো জিআইপিএ অ্যাক্ট এর আওতায় পড়ে সে সম্পর্কে আরও তথ্য পাবেন আইপিসি এর *What is an agency?* নামক তথ্য পত্রে।

## কীভাবে আমি সরকারী তথ্য পেতে পারি?

আপনি দুটি কাজ করতে পারেন:

1. সংশ্লিষ্ট এজেন্সির ওয়েবসাইটে গিয়ে দেখুন আপনি যে তথ্য চাচ্ছেন তা সর্বসাধারণের জন্য উন্মুক্ত আছে কি না কিংবা
2. ঐ এজেন্সির গ্রাহক সেবা কর্মীদের সাথে যোগাযোগ করুন। যদি তারা আপনাকে তথ্যটি দিতে না পারেন তাহলে আপনি তাদের রাইট টু ইনফরমেশন অফিসার বা তথ্য অধিকার কর্মকর্তার সাথে কথা বলতে চাইতে পারেন।

উল্লেখ্য: আপনি যে তথ্য চাচ্ছেন সেটি যে সরকারী এজেন্সিতে আছে তাদের সাথে আপনাকে যোগাযোগ করতে হবে।

## এজেন্সিগুলো কীভাবে তথ্য প্রকাশ করে?

1. জিআইপিএ অ্যাক্ট এর আওতায় এজেন্সিগুলোকে নির্দিষ্ট কিছু তথ্য (যেগুলো 'উন্মুক্ত প্রকাশযোগ্য তথ্য' নামে পরিচিত) প্রকাশ করতে হবে যদি না এ ধরণের প্রকাশের বিরুদ্ধে গুরুত্বপূর্ণ জনস্বার্থ জড়িত থাকে। সাধারনভাবে উন্মুক্ত প্রকাশযোগ্য তথ্য এজেন্সির ওয়েবসাইটে অবশ্যই সর্বসাধারণের জন্য বিনামূল্যে উন্মুক্ত থাকতে হবে। অন্যান্যভাবেও এজেন্সিরগুলো প্রকাশযোগ্য তথ্য সবার জন্য উন্মুক্ত রাখতে পারে (যেমন মুদ্রিত কিংবা এজেন্সির অফিসে প্রদর্শনের মাধ্যমে)।
2. এজেন্সিগুলোকে সব তথ্যই তাদের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে না, তবে অধিকাংশ তথ্যই প্রকাশ করতে হবে যদি না এগুলো প্রকাশ না করার পক্ষে আরও গুরুত্বপূর্ণ জনস্বার্থ জড়িত থাকে, কিংবা তথ্যগুলো ওয়েবসাইটে প্রকাশ করা এজেন্সির জন্য অযৌক্তিকভাবে ব্যয়বহুল হয়ে পড়ে। এজেন্সির তথ্য অধিকার কর্মকর্তা আপনাকে বলতে পারবেন কীভাবে এবং কোথায় আপনি বিনামূল্যে অথবা সম্ভাব্য সর্বনিম্ন খরচে তথ্যটি পেতে পারেন।
3. এজেন্সির ওয়েবসাইটে তথ্যটি কোথায় রয়েছে সেটি যদি আপনি বের করতে না পারেন তাহলে তাদের সাথে যোগাযোগ করে তথ্যটির কথা জিজ্ঞেস করুন – এটি 'অনানুষ্ঠানিক প্রকাশ' নামে পরিচিত। যুক্তিসঙ্গত শর্তসাপেক্ষে এজেন্সিগুলো অনানুষ্ঠানিকভাবেও তথ্য প্রকাশ করতে পারে।
4. আপনি যদি অন্য কোনোভাবে তথ্যটি না পান, তাহলে আপনি একটি 'অ্যাক্সেস অ্যাপ্লিকেশন' জমা দিতে পারেন।

## আমি কীভাবে আনুষ্ঠানিক আবেদন করব?

এটি 'অ্যাক্সেস অ্যাপ্লিকেশন' নামেও পরিচিত। অ্যাক্সেস অ্যাপ্লিকেশন এর আবেদনপত্রগুলো এজেন্সির ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যায়। তা না হলে আপনি নিজেই আবেদনপত্র জমা দিতে পারেন।

যেভাবেই জমা দিন না কেন, একটি আবেদনপত্র তখনই গ্রহণযোগ্য হবে যখন তা নিম্নলিখিত শর্তাবলী পূরণ করবে:

- আবেদনপত্রটি হাতে লিখে পূরণ করুন এবং যেসব এজেন্সিতে তথ্যগুলো আছে বলে আপনি মনে করেন সেখানে পাঠিয়ে দিন কিংবা জমা দিন।
- এটি যে জিআইপিএ অ্যাক্ট এর আওতায় পড়ে তা অ্যাক্সেস অ্যাপ্লিকেশন উল্লেখ করুন।
- আবেদনপত্রের সাথে ৩০ ডলারের আবেদন ফি জমা দিন
- আপনার নাম, ডাক ঠিকানা এবং ইমেইল ঠিকানা উল্লেখ করুন
- আপনি যেই তথ্যের জন্য আবেদন করছেন তা স্পষ্ট করে উল্লেখ করুন যাতে এজেন্সি তা শনাক্ত করতে পারে।

আপনি অন্য কোন এজেন্সিতে কখনও মূলত একই তথ্যের জন্য আবেদন করেছেন কিনা তাও আপনার অ্যাক্সেস আপ্লিকেশনে উল্লেখ করতে হবে। যদি তা হয়ে থাকে তাহলে এর আগে আপনি কোন এজেন্সিতে আবেদন করেছিলেন তা উল্লেখ করুন। তবে যদি আপনি এই তথ্য নাও দেন তাহলে আপনার আবেদন বাতিল হবে না।

## এর জন্য কত দাম দিতে হবে?

আনুষ্ঠানিক আবেদনের জন্য সাধারণ ফি হল ৩০ ডলার। এই ফি যদি না দেওয়া হয় তাহলে আবেদন বাতিল বলে গণ্য করা হবে।

আপনাকে (ঘণ্টায় ৩০ ডলার হারে) প্রসেসিং ফি দিতে হতে পারে। যদি তথ্যটি আপনার ব্যক্তিগত হয় তাহলে প্রথম ২০ ঘন্টার জন্য এই প্রসেসিং ফি মউকুফ করা হবে।

সাধারণত এজেন্সির ওয়েবসাইটে প্রসেসিং ফি সম্পর্কে তথ্য দেওয়া থাকে, কিংবা আপনি ঐ এজেন্সির তথ্য অধিকার কর্মকর্তার সাথে কথা বলতে পারেন।

## আমি যদি ফি দিতে না পারি?

সেক্ষেত্রে আবেদনপত্র জমা দেওয়ার আগে এজেন্সির সাথে কথা বলুন এবং আপনাকে তারা এ ব্যাপারে সাহায্য করতে পারবে কিনা তা জিজ্ঞাসা করুন। সাধারণত জিআইপিএ অ্যাক্ট এর আওতায় সংস্থাগুলোর ফি মউকুফ করার, কমানোর কিংবা আরোপিত যেকোনো ফি ফেরত দেওয়ার ক্ষমতা আছে।

## আমার আবেদনপত্র কতদিন সময় নেবে?

- এজেন্সি আপনার আবেদনপত্র গ্রহণের পর সাধারণত ২০ কর্মদিবসের মধ্যে যাচাই করবে।
- আপনি এবং এজেন্সি ২০ কর্ম দিবসের বাইরেও সময় বাড়ানোর জন্য সম্মত হতে পারেন।
- যদি এজেন্সিকে অন্য কারও সাথে কথা বলতে হয়, কিংবা আর্কাইভে তথ্য খুঁজতে হয় তাহলে বাড়তি ১০ কর্মদিবস সময় লাগতে পারে।
- যদি এজেন্সিকে পরামর্শ এবং আর্কাইভ থেকে রেকর্ড বের করা উভয়ই করতে হয়, তাহলে বাড়তি ১৫ দিন সময় লাগতে পারে।
- যদি এর চেয়ে বেশী সময় লাগে এবং আপনি বাড়তি এই সময়ের জন্য সম্মতি না দেন, তাহলে এজেন্সি আপনার আবেদন বাতিল করেছে বলে গণ্য করা হবে এবং সেক্ষেত্রে তাদেরকে অবশ্যই আপনার ফি ফেরত দিতে হবে।

## যে তথ্য আমি চেয়েছিলাম সেটি যদি না পাই?

এজেন্সির সিদ্ধান্তে যদি আপনি সন্তুষ্ট না হন তাহলে আপনার জন্য নিম্নলিখিত পথগুলো খোলা আছে:

**অপশন 1**: আপনাকে সিদ্ধান্ত জানানোর ২০ কর্মদিবসের মধ্যে এজেন্সি কর্তৃক অভ্যন্তরীণ পর্যালোচনার জন্য অনুরোধ করুন।

## অথবা

**অপশন 2A:** আপনাকে সিদ্ধান্ত জানানোর ৪০ কর্মদিবসের মধ্যে ইনফরমেশন কমিশনার কর্তৃক বাহ্যিক পর্যালোচনার জন্য অনুরোধ করুন।

## অথবা

**অপশন 2B:** আপনাকে সিদ্ধান্ত জানানোর ৪০ কর্মদিবসের মধ্যে এনএসডব্লিউ সিভিল এন্ড অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুনাল (NCAT) কর্তৃক বাহ্যিক পর্যালোচনার জন্য অনুরোধ করুন।

### অপশন 1: অভ্যন্তরীণ পর্যালোচনার প্রক্রিয়া

সিদ্ধান্তটি জানানোর পর আপনার হাতে ২০ কর্মদিবস সময় থাকবে যার মধ্যে আপনাকে যেই এজেন্সি সিদ্ধান্তটি নিয়েছিল তাদের দ্বারা অভ্যন্তরীণ পর্যালোচনার জন্য অনুরোধ করতে হবে।

যেই এজেন্সিতে আপনি অ্যাক্সেস অ্যাপ্লিকেশন করেছিলেন তারাই অভ্যন্তরীণ পর্যালোচনা করবে। যে অফিসার মূল সিদ্ধান্তটি নিয়েছিলেন তার চেয়ে জ্যেষ্ঠতার ভিত্তিতে নীচের কোনো অফিসারের দ্বারা এই পর্যালোচনাটি করানো যাবে না।

# এনএসডব্লিউতে সরকারী তথ্য পাবার অধিকার

যদি কোন মন্ত্রী কিংবা তাদের ব্যক্তিগত কর্মচারী, অথবা কোন এজেন্সির প্রধান কর্মকর্তা সিদ্ধান্তটি নিয়ে থাকে, তাহলে আপনি অভ্যন্তরীণ পর্যালোচনার জন্য আবেদন করতে পারবেন না। তবে আপনি ইনফরমেশন কমিশনার অথবা NCAT কর্তৃক বাহ্যিক পর্যালোচনার জন্য আবেদন করতে পারেন (অপশন 2A এবং 2B দেখুন)।

সরকারী এজেন্সিটিকে আপনি এমন কোন কোনো সিদ্ধান্তের অভ্যন্তরীণ পর্যালোচনার জন্য বলতে পারবেন না যে সিদ্ধান্ত অভ্যন্তরীণ পর্যালোচনার মাধ্যমেই নেওয়া হয়েছিল।

অভ্যন্তরীণ পর্যালোচনার জন্য ৪০ ডলার আবেদন ফি দিতে হবে। তবে নিম্নোক্ত কারণে যদি সিদ্ধান্তটি বাতিল বলে বিবেচনা করা হয় তাহলে অভ্যন্তরীণ পর্যালোচনার জন্য কোন ফি দিতে হবে না:

- যদি আপনার আবেদন যথাসময়ে যাচাই করা না হয়, কিংবা
- যদি পুনর্বিবেচনার জন্য ইনফরমেশন কমিশনারের সুপারিশের ভিত্তিতে সিদ্ধান্তটির পর্যালোচনা সরকারী এজেন্সিটি দ্বারা করা হয়।

এজেন্সিকে আবেদনপত্র পাবার ৫ কর্মদিবসের মধ্যে তার প্রাপ্তি স্বীকার করতে হবে, এবং ১৫ কর্মদিবসের মধ্যে অভ্যন্তরীণ পর্যালোচনার সিদ্ধান্ত নিতে হবে (যদি তৃতীয় পক্ষের সাথে পরামর্শের প্রয়োজন পড়ে তাহলে ১০ দিন বেশী সময় নেওয়া যেতে পারে)।

### অপশন 2A: ইনফরমেশন কমিশনার কর্তৃক বাহ্যিক পর্যালোচনা

এজেন্সির সিদ্ধান্তে যদি আপনি সন্তুষ্ট না হন তাহলে আপনি ইনফরমেশন কমিশনার কর্তৃক পর্যালোচনার জন্য অনুরোধ করতে পারেন।

সিদ্ধান্ত জানানোর পর ইনফরমেশন কমিশনার কর্তৃক পর্যালোচনার জন্য আপনার কাছে ৪০ কর্মদিবস সময় থাকবে। পর্যালোচনার পর ইনফরমেশন কমিশনার সিদ্ধান্তটি নিয়ে এজেন্সির কাছে সুপারিশ করতে পারবেন।

যে সিদ্ধান্তটি NCAT কর্তৃক পর্যালোচনা করা হচ্ছে কিংবা হয়েছে সেটি ইনফরমেশন কমিশনার পর্যালোচনা করতে পারবেন না।

### অপশন 2B: এনএসডব্লিউ সিভিল এন্ড অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুনাল (NCAT) কর্তৃক বাহ্যিক পর্যালোচনা

আপনি যদি এজেন্সির সিদ্ধান্তে সন্তুষ্ট না হন তাহলে NCAT কর্তৃক পর্যালোচনার জন্য অনুরোধ করতে পারেন।

সিদ্ধান্ত জানানোর পর NCAT এর কাছে পর্যালোচনার আবেদনের জন্য আপনার কাছে ৪০ কর্মদিবস সময় থাকবে। তবে আপনি যদি ইনফরমেশন কমিশনারের দ্বারা পর্যালোচনার জন্য আবেদন করে থাকেন সেক্ষেত্রে কমিশনারের পর্যালোচনা শেষ হওয়ার নোটিশ হাতে পাবার পর NCAT এর কাছে আবেদনের জন্য আপনার কাছে ২০ কর্মদিবস সময় থাকবে।

#### অপশন 2A এবং 2B এর জন্য দ্রষ্টব্য

**তথ্য পাবার জন্য আবেদনকারী যদি আপনিই হয়ে থাকেন** তাহলে ইনফরমেশন কমিশনার কিংবা NCAT এর দ্বারা সিদ্ধান্তটি পর্যালোচনার আগে আপনার অভ্যন্তরীণ পর্যালোচনার দরকার হবে না।

**আপনি যদি অ্যাক্সেস আবেদনকারী না হয়ে থাকেন** তাহলে ইনফরমেশন কমিশনার কিংবা NCAT এর দ্বারা সিদ্ধান্তটি পর্যালোচনার আবেদন করার আগে সেটিকে অবশ্যই অভ্যন্তরীণভাবে পর্যালোচনা করতে হবে। তবে যদি অভ্যন্তরীণ পর্যালোচনার জন্য আবেদন করা না যায় (যেহেতু একজন মন্ত্রী, তাদের ব্যক্তিগত কর্মচারী, অথবা এজেন্সির প্রধান কর্মকর্তা সিদ্ধান্তটি নিয়েছেন), সেক্ষেত্রে আপনি বাহ্যিক পর্যালোচনার জন্য সরাসরি ইনফরমেশন কমিশনারের বরাবর আবেদন করতে পারবেন

## আইপিসি সম্পর্কে

ইনফরমেশন এন্ড প্রাইভেসি কমিশন (IPC) একটি স্বতন্ত্র সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ যারা নিউ সাউথ ওয়েলসে গোপনীয়তা ও সরকারী তথ্য ব্যবহার সম্পর্কিত আইন পরিচালনা করে।

আপনি কীভাবে এনএসডব্লিউর সরকারী তথ্য চাইতে পারেন সে ব্যাপারে আরও জানতে আমাদের সাথে যোগাযোগ করুন।

আইপিসি জিআইপিএ অ্যাক্ট এর আওতায় আপনার অধিকার সম্পর্কে আপনাকে সাধারণ পরামর্শ দিতে পারে, তবে আপনাকে আইনগত পরামর্শ দিতে পারবে না।

### আইপিসি এর সাথে কীভাবে যোগাযোগ করবেন

আমাদের অফিস (সরকারী ছুটির দিন ছাড়া) সোমবার থেকে শুক্রবার সকাল 9 টা থেকে 5 টা পর্যন্ত খোলা থাকি।

| | |
|---|---|
| **ঠিকানা:** | Level 17, 201 Elizabeth Street, Sydney NSW 2000 |
| **ডাক:** | GPO Box 7011, Sydney NSW 2001 |
| **ফ্রি কল:** | 1800 472 679 |
| **ইমেইল:** | ipcinfo@ipc.nsw.gov.au |
| **ওয়েবসাইট:** | www.ipc.nsw.gov.au |

# কীভাবে আমি সরকারী কোন এজেন্সি থেকে তথ্য পেতে পারি?

**তথ্যগুলো ইতিমধ্যেই সর্বসাধারণের জন্য উন্মুক্ত আছে কি না তা দেখে নিন।**
এজেন্সির ওয়েবসাইট দেখুন কিংবা তাদের কাস্টমার সার্ভিস টিম এবং/অথবা তথ্য অধিকার কর্মকর্তার সাথে যোগাযোগ করুন।

না ↓

**এজেন্সি তথ্যগুলো আপনার কাছে অনানুষ্ঠানিকভাবে প্রকাশ করবে কি না তা জিজ্ঞাসা করুন।**
এজেন্সির কাস্টমার সার্ভিস টিম এবং/অথবা তথ্য অধিকার কর্মকর্তার সাথে যোগাযোগ করুন।

না ↓

***গভমেন্ট ইনফরমেশন (পাবলিক অ্যাক্সেস) অ্যাক্ট ২০০৯*** **(জিআইপিএ অ্যাক্ট) এর আওতায় একটি আনুষ্ঠানিক আবেদনপত্র পূরণ করুন।** (নীচের পদক্ষেপগুলো দেখুন)

## আনুষ্ঠানিক আবেদন করা:

**এজেন্সির ওয়েবসাইটে হয়তোবা পূরণ করার মত নির্দিষ্ট কোনো ফর্ম আছে।**

না →

**যদি না থাকে তাহলে:**

- যে এজেন্সিতে তথ্যগুলো আছে বলে আপনি মনে করেন তাদের কাছে লিখিতভাবে আবেদন জমা দিন
- তাদেরকে বলুন যে এটি জিআইপিএ অ্যাক্ট এর অধীনে করা একটি অ্যাক্সেস অ্যাপ্লিকেশন
- ৩০ ডলার অ্যাপ্লিকেশন ফি জমা দিন (নীচে দেখুন)
- আপনার নাম এবং ডাক ঠিকানা অথবা ইমেইল ঠিকানা লিখুন
- আপনি যে তথ্যের জন্য আবেদন করছেন তা স্পষ্ট করে ব্যাখ্যা করুন, যাতে করে এজেন্সি তথ্যগুলো শনাক্ত করতে পারে।

হ্যাঁ ↓

**৩০ ডলারের একটি অ্যাপ্লিকেশন ফি দিতে হবে।**
(এই ফি পরিশোধ করা না হলে আবেদন অকার্যকর বলে গণ্য করা হয়। নির্দিষ্ট কিছু পরিস্থিতিতে এজেন্সি ফি মউকুফ কিংবা কমাতে পারে।)

হ্যাঁ ↓

**আপনার আবেদন ২০ কর্মদিবসের মধ্যে যাচাই করা হবে।**
(যদি এজেন্সিকে অন্যদের সাথে পরামর্শ কিংবা আর্কাইভ থেকে তথ্যগুলো বের করতে হয় সেক্ষেত্রে ১০ থেকে ১৫ দিন বেশী নেওয়া হয়)। একটা প্রসেসিং ফি এর সাথে যুক্ত হতে পারে – যদি তা হয় তাহলে আপনাকে তা জানানো হবে। আপনাকে এজেন্সির সিদ্ধান্ত লিখিতভাবে জানানো হবে।

## এজেন্সির সিদ্ধান্তের পর্যালোচনা:

**এজেন্সির সিদ্ধান্তে যদি আপনি সন্তুষ্ট না হন, কিংবা যদি তারা যথাসময়ে সিদ্ধান্তটি না জানাতে পারে, সেক্ষেত্রে আপনার পর্যালোচনার অধিকার আছে।**
আপনি এজেন্সির কাছে এবং/অথবা ইনফরমেশন কমিশনার এবং/অথবা এনএসডব্লিউ সিভিল এন্ড অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুনাল এর কাছে অভ্যন্তরীণ পর্যালোচনার জন্য আবেদন করতে পারেন। তবে যে সিদ্ধান্তটি NCAT পর্যালোচনা করেছে কিংবা করছে সেটি ইনফরমেশন কমিশনার পর্যালোচনা করতে পারবে না।

→ **অপশন 1: অভ্যন্তরীণ পর্যালোচনার জন্য আবেদন করুন।** এটি করবেন যখন এজেন্সির অন্য কেউ আপনার আবেদনটি যাচাই করছে। এর জন্য ৪০ ডলার ফি দিতে হবে (যদি এজেন্সি মূল সিদ্ধান্তটি সময়মত দিতে না পারে তাহলে এই ফি দিতে হবে না)।

↓

→ **অপশন 2A: ইনফরমেশন কমিশনার কর্তৃক বাহ্যিক পর্যালোচনার জন্য আবেদন করুন।** এর জন্য আমাদের ওয়েবসাইটে একটি ফর্ম আছে। কোনো ফি লাগবে না।

↓

→ **অপশন 2B: NCAT কর্তৃক বাহ্যিক পর্যালোচনার জন্য আবেদন করুন।** এর জন্য ফি দিতে হবে। বর্তমানে প্রযোজ্য ফি এর জন্য দয়া করে **NCAT** এর ওয়েবসাইট দেখুন।

দ্রষ্টব্য: *এই তথ্যপত্রে দেওয়া তথ্যগুলো কেবল একটি নির্দেশিকা হিসেবে ব্যবহারের জন্য দেওয়া হয়েছে। আপনার নিজস্ব পরিস্থিতি সাপেক্ষে স্বতন্ত্র আইনি পরামর্শ চাইতে হবে।*